

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।


স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৩.২৫৯৬

তারিখ : ২৬/১১/২০১৬ খ্রিঃ

বিষয় : স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP) প্রকল্পের অর্থায়নে চলমান দক্ষতা প্রশিক্ষণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠান প্রধানগণের সমন্বয় সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম(SEIP) শীর্ষক প্রকল্পের অর্থায়নে কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন ফেনী কম্পিউটার ইনস্টিটিউট এবং ৮(আট)টি টেকনিক্যাল স্কুল ও কলেজে বিভিন্ন কোর্সে দক্ষতা প্রশিক্ষণ কোর্স চালু রয়েছে।

- ০২। বর্ণিত কোর্সের কার্যক্রমের অগ্রগতি নিয়ে আগামী ২৭ নভেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের সভা কক্ষে সেইপ প্রকল্পভুক্ত প্রতিষ্ঠানসমূহের প্রধানদের উপস্থিতিতে এক সমন্বয় সভার আয়োজন করা হয়েছে। উক্ত সভায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক জনাব অশোক কুমার বিশ্বাস সভাপতিত্ব করবেন। এ সভায় সেইপ প্রকল্পের সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (উপসচিব) জনাব রহিমা বেগম উপস্থিত থাকবেন।
- ০৩। এমতাবস্থায় সভায় সেইপ প্রকল্পভুক্ত প্রতিষ্ঠানসমূহের প্রধানদেরকে কারিগরি শিক্ষা অধিদপ্তর স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২৭.৩০৯.১৬/১৪০০, তারিখ : ২০/১০/২০১৬ খ্রিঃ স্মারকমূলে চাহিত তথ্যসহ অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।


(মোঃ মিজানুর রহমান)
২৬.১১.১৬
যুগ্ম-সচিব
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
ও

১। অধ্যক্ষ
ফেনী কম্পিউটার ইনস্টিটিউট
ফেনী

২। অধ্যক্ষ
বরিশাল/হবিগঞ্জ/নরসিংদী/মানিকগঞ্জ/শেরপুর/রংপুর/ঝালকাঠী/পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ
বরিশাল/হবিগঞ্জ/নরসিংদী/মানিকগঞ্জ/শেরপুর/রংপুর/ঝালকাঠী/পঞ্চগড়।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জাতীয় প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব), (SEIP) প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। নির্বাহী প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব), (SEIP) প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। জনাব রহিমা বেগম, সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক(উপসচিব), সেইপ প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।